



## ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

পরিচ্ছন্ন ক্যাম্পাস গড়ার আহ্বান

মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি

দেশের ঐতিহ্যবাহী সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পরিষ্কার-পরিচ্ছন্নতার পরিবেশ যেভাবে রয়েছে তা কোনোভাবেই প্রত্যাশিত নয়। ঐতিহাসিক এই ক্যাম্পাসের নৈসর্গিক দৃশ্যসমূহ আরো দৃষ্টিনন্দন করা ও পরিবেশ পরিচ্ছন্ন রাখা খুবই জরুরি। বিষয়টির প্রতি বিশেষ দৃষ্টি দেয়ার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যকে নির্দেশনাও দিয়েছেন।

অন্যান্য ব্যবস্থাদির সক্রিয় বাস্তবায়নের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারিবৃন্দ যদি অধিকতর সজাগ থাকেন তাহলে সবুজায়ন ঘেরা আমাদের প্রিয় ক্যাম্পাসকে আমরা আরো সুন্দরভাবে গড়ে তুলতে পারি; পারি স্বাস্থ্যসম্মত অনুকূল পরিবেশ গড়তে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের মূল প্রাণশক্তি শিক্ষার্থীদের ভূমিকা মুখ্য।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে সামনে রেখে আমরা একটি পরিচ্ছন্ন সুন্দর পরিবেশের ক্যাম্পাস গড়ে তুলতে চাই।


এ পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকবৃন্দকে তাঁদের শ্রেণিকক্ষে প্রতিদিন পাঠদানের এক পর্যায়ে অন্তত দু'মিনিটের জন্য হলেও উপরিউক্ত বিষয়টির প্রতি সচেতনতা তৈরির লক্ষ্যে শিক্ষার্থীদের প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। 'আমরা কেউ নির্দিষ্ট জায়গাছাড়া যেখানে-সেখানে ময়লা-আবর্জনা, কাগজপত্র, ফলমূল-বাদাম, আইসক্রিমের খোসা, খাবারের অবশিষ্টাংশ বা এসবের ঠোংগা ফেলবো না; সবুজ ঘাসচতুর নষ্ট করবো না, বাগানের ফুল ও পাতা ছিঁড়বো না, ডাল ভাঙবো না, যেখানে-সেখানে দেয়ালে লিখবো না'— প্রভৃতির প্রতি শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করে সম্মানিত শিক্ষকবৃন্দ শ্রেণিতে/সেমিনারে/আবাসিক হলে বক্তব্য উপস্থাপন করলে নিশ্চয়ই সকলের মধ্যে গভীর সচেতনতা তৈরি হবে এবং একটি পরিচ্ছন্ন ক্যাম্পাস গড়ে উঠবে।

একইসঙ্গে, বিভাগ/ইনস্টিটিউট/সেন্টার/আবাসিক হল/অফিস প্রভৃতির প্রধানগণকে তাঁদের নিজ নিজ অঙ্গন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রতি বিশেষ যত্নশীল থাকার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

একাডেমিক উৎকর্ষ অর্জনের পাশাপাশি পরিষ্কার-পরিচ্ছন্নতার দিক থেকেও আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়কে একটি মডেল হিসেবে গড়ে তুলতে চাই।

আদিষ্ট হয়ে বর্ণিত বিষয়ে বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সকলের সদয় সহযোগিতা কামনা করছি।

প্রশাসনিক ভবন  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

  
রেজিস্ট্রার  
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারকনং-রেজি/প্রশা-৩/৩২১৫৬-১৫

তারিখ: ২৯ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ  
০৫ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও পরামর্শক্রমে প্রকরণের জন্য নিম্নলিখিতদের নিকট আবেদন করা হলো -